

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১২০৯

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৭৪. দু' ওয়াক্তের সালাত একত্র করা প্রসঙ্গে

باب الْجَمْعِ بَيْنَ الصَّلَاتَيْنِ

আরবী

حَدَّقَنَا قُتَيْبَةُ، حَدَّقَنَا عَبْدُ اللهِ بْنُ نَافِعٍ، عَنْ أَبِي مَوْدُودٍ، عَنْ سُلَيْمَانَ بْنِ أَبِي يَحْيَى، عَنِ ابْنِ عُمَرَ، قَالَ: مَا جَمَعَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم بَيْنَ الْمَغْرِبِ وَالْعِشَاءِ قَطُّ فِي السَّفَرِ إِلَا مَرَّةً. قَالَ أَبُو دَاؤُدَ: وَهَذَا يُرْوَى عَنْ أَيُّوبَ عَنْ نَافِعٍ عَنِ ابْنِ عُمَرَ مَوْقُوفًا عَلَى السَّفَرِ إِلَا مَرَّةً لَمْ يُرَ ابْنُ عُمَرَ جَمَعَ بَيْنَهُمَا قَطُّ، إِلَا تِلْكَ اللَّيْلَةَ يَعْنِي لَيْلَةَ اسْتُصِرْخَ عَلَى صَفِيَّةَ وَرُويَ مِنْ حَدِيثِ مَكْحُولٍ عَنْ نَافِعٍ أَنَّهُ رَأَى ابْنَ عُمَرَ فَعَلَ ذَلِكَ مَرَّةً أَوْ مَرَّتَيْنِ .

ـ منکر

বাংলা

১২০৯। ইবনু 'উমার রাযিয়াল্লাহু 'আনহুমা সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সফরকালে কেবলমাত্র একবারই মাগরিব ও 'ইশার সালাতকে একত্র করেছেন (একাধিকবার নয়)।[1]

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, এ হাদীস আইয়ূব হতে তিনি নাফি' হতে ইবনু 'উমার রাযিয়াল্লাহু 'আনহুমা সূত্রে 'মওকূফ হিসাবে বর্ণিত হয়েছে। অর্থাৎ যেদিন (তার স্ত্রী) সাফিয়্যাহর মৃত্যু সংবাদে ইবনু 'উমার মদীনার উদ্দেশ্যে রওয়ানা হন শুধুমাত্র ঐ রাতেই নাফি' (রহঃ) ইবনু 'উমারকে দু' সালাতকে একত্র করতে দেখেন, এছাড়া অন্য সময় নয়। অপরদিকে মাকহূল নাফি' হতে বর্ণনা করেছেন, তিনি ইবনু 'উমার রাযিয়াল্লাহু 'আনহুমা-কে একবার কিংবা দু'বার এরূপ করতে দেখেছেন।

মুনকার।

English



Narrated Ibn 'Umar:

The Messenger of Allah () never combined the sunset and night prayers while on a journey except once.

Abu Dawud said: This has been narrated by Ayyub from Nafi' from Ibn 'Umar as a statement of Ibn 'Umar. Ibn 'Umar was never seen combining these two prayers except on the night he was informed about the death of Safiyyah. The tradition narrated by Makhul from Nafi' indicates that he (Nafi') saw Ibn 'Umar doing so once or twice.

ফুটনোট

[1] এর সানাদ দুর্বল। সনদে 'আবদুল্লাহ ইবনু নাফি' দুর্বল।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন